

স্মারক নং- ৩৮.৩০.৩০০৬৬.০০.০০.০০৪.২০১৬-৩২০

তারিখ: ০৩ শ্রাবণ ১৪২৪
১৮ জুলাই ২০১৭


বিষয়: আগামি ২৩/০৭/২০১৭ তারিখ রোজ রবিবার বেলা ১২:০০টা হতে বেলা ০১:০০ টার মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সকল পর্যায়ে দেশব্যাপী একযোগে বৃক্ষরোপণ কর্মসূচী।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর জনবলের সংখ্যা বিবেচনায় দেশের সর্ববৃহৎ প্রতিষ্ঠান। মানবসম্পদ উন্নয়নের ক্ষেত্রে সাংবিধানিকভাবে এই প্রতিষ্ঠানের উপর অর্পিত আছে সুবিশাল দায়িত্ব। বর্তমানে বাংলাদেশের অগ্রযাত্রায় এই অধিদপ্তর অব্যাহতভাবে অত্যন্ত গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। এ প্রতিষ্ঠানের পক্ষে সুযোগ রয়েছে উন্নত বাংলাদেশ বিনির্মাণে মানবসম্পদ উন্নয়ন ছাড়াও অন্যান্য আরও কিছুক্ষেত্রে অবদান রাখার। বর্তমানে দেশে বৃক্ষ রোপণের মৌসুম চলছে। মাননীয় প্রধানমন্ত্রী বর্ধিতহারে বৃক্ষ রোপণের জন্য দেশবাসীকে উদাত্ত আহ্বান জানিয়েছেন। সে লক্ষ্যে প্রাথমিক শিক্ষা পরিবারের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী প্রত্যেকেই যদি অন্তত ১ (এক) টি করেও বৃক্ষ রোপণ করেন তাহলে দেশব্যাপী কমপক্ষে ৪ (চার) লক্ষ বৃক্ষরোপণ করা সম্ভব। এ বিষয়ে ১৭/০৭/২০১৭ তারিখে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে অনুষ্ঠিত বিভাগীয় উপপরিচালক ও জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাদের সাথে মত বিনিময় সভায় মহাপরিচালক মহোদয় সংশ্লিষ্ট সকলকে স্বতঃস্ফূর্ত ও স্বতঃপ্রণোদিত হয়ে এগিয়ে আসবার জন্য বিশেষভাবে আহ্বান জানান। উল্লেখ্য, এ বিষয়ে ইতিপূর্বে আগামী ২৪/০৭/২০১৭ তারিখ বেলা ১১:০০ টা হতে বেলা ১২:০০ টা পর্যন্ত সময় নির্ধারণ করা হয়।

২। অদ্য (১৮/০৭/২০১৭) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের দেশব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচীর প্রতি অত্যন্ত আন্তরিকভাবে সমর্থন জানিয়েছেন। অধিকন্তু, তাঁরা নিজেরাও সক্রিয়ভাবে এ কর্মসূচীতে অংশগ্রহণের আহ্বান ব্যক্ত করেছেন। সে আলোকে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, পূর্বনির্ধারিত সময়ের পরিবর্তে আগামী ২৩/০৭/২০১৭, রোজ রবিবার বেলা ১২:০০টা হতে বেলা ০১:০০ টার মধ্যে প্রাথমিক শিক্ষা পরিবারের সকল পর্যায়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী স্বতঃস্ফূর্ত ও স্বতঃপ্রণোদিতভাবে নিজ নিজ প্রতিষ্ঠানে অন্তত ০১ (এক)টি করে বৃক্ষ রোপণ করবেন।

৩। বর্ণিত অবস্থায়, আগামি ২৩/০৭/২০১৭, রোজ রবিবার বেলা ১২:০০টা হতে বেলা ০১:০০ টার মধ্যে প্রাথমিক শিক্ষা পরিবারের সকল পর্যায়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ যাতে নিজ নিজ প্রতিষ্ঠানে স্ব-উদ্যোগে অন্তত ০১ (এক) টি করে বৃক্ষ রোপণ করেন সে লক্ষ্যে যথাযথভাবে উৎসাহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বিশেষভাবে অনুরোধ করা হলো। রোপিত বৃক্ষের যথাযথ পরিচর্যার ব্যবস্থা নিতেও সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো যেতে পারে।

৪। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অত্যন্ত গুরুত্ব সহকারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


মোঃ সাবের হোসেন
পরিচালক (প্রশাসন)
ফোন: ৫৫০৭৪৮২৯


- ১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, সকল বিভাগ।
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল) (তাঁর আওতাধীন সকল অফিসে প্রেরণের অনুরোধসহ)।
- ৩। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল) (তাঁর আওতাধীন সকল অফিসে প্রেরণের অনুরোধসহ)।
- ৪। উপজেলা/ থানা শিক্ষা অফিসার (সকল) (তাঁর আওতাধীন সকল বিদ্যালয়ে প্রেরণের অনুরোধসহ)।
- ৫। ইন্সট্রাক্টর, উপজেলা/ থানা রিসোর্স সেন্টার (সকল)।
- ৬। প্রধান শিক্ষক (সকল)

স্মারক নং- ৩৮.০০.০০০০.

তারিখ: ০৩ শ্রাবণ ১৪২৪
১৮ জুলাই ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। শিক্ষা অফিসার, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৪। অফিস নথি।


মোঃ সাবের হোসেন
পরিচালক (প্রশাসন)